



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মানব সম্পদ উন্নয়নে কর্মপন্থা নির্ধারণ কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	২৯-০১-২০২০
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	হাইড্রোকার্বন ইউনিট
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি বিশেষ আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত হওয়ার জন্য বিপিআই মহাপরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতির অনুরোধের পরিপ্রেক্ষিতে বিপিআই এর মহাপরিচালক বলেন যে, বিপিআই এর **Mandate** হচ্ছে প্রশিক্ষণ। জ্বালানি খাতে সরকারের দায়বদ্ধতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। দক্ষ জনবল তৈরি করাই আমাদের প্রধান লক্ষ্য। তিনি আরো বলেন বিপিআই এর ৪তলা ভবন পর্যাপ্ত নয়। উক্ত ভবনের দুইটি ফ্লোর **Trainee** দের জন্য ব্যবহৃত হয়। আবাসন সংকটের বিষয় তুলে ধরে তিনি বলেন প্রশিক্ষার্থীদের জন্য আবাসন পর্যাপ্ত নয়। এছাড়া আবাসিক প্রশিক্ষণ কালে শারীরিক সুস্থতার জন্য তিনি ফিটনেস ও শরীরচর্চার উপর জোর প্রদান করেন। সম্প্রতি সময়ে বিপিআই হতে অনেক কর্মকর্তা অবসর গ্রহণ করেছেন। প্রশিক্ষণের স্বল্পতা, জনবলের স্বল্পতা ইত্যাদির ঘাটতি পূরণ করে মানব সম্পদ উন্নয়ন করাই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মূল লক্ষ্য। তিনি প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও জনবলের সক্ষমতা সংক্রান্ত বিষয় তুলে ধরেন। জনবলের সক্ষমতা বিষয়ে বিপিআই এর জনবলের দক্ষতা অর্জন ও বিভিন্ন সংস্থার জনবলের দক্ষতা অর্জনের বিষয় তুলে ধরেন। স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ, প্রণোদনা প্রদান, প্রয়োজনে বিদেশে প্রশিক্ষণ কর্মীদের কর্ম স্পৃহা বৃদ্ধি করে মানব সম্পদের উন্নতিতে অবদান রাখে। আগামীতে দক্ষ জনবল তৈরি করার ব্যাপারে চ্যালেঞ্জ গ্রহণ করতে হবে। দেশি/বিদেশী উচ্চ শিক্ষার সুযোগ তৈরি করতে হবে। সিনিয়রদের বিদ্যায় কিভাবে **Knowledge Gap** পূরণ করা যায় সে চেষ্টা করতে হবে।

সভাপতির বক্তব্যে জনাব এ এস এম মঞ্জুরুল কাদের, মহাপরিচালক হাইড্রোকার্বন ইউনিট বলেন **Technology Transfer** এর উপর গুরুত্ব আরোপ করে বলেন আমাদের জনবলকে শেভরণ সহ অন্যান্য **IoC** তে **Deploy** করতে হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি **Workshop** করা যায় কিনা এ বিষয়ে আলোচনা হয়। মানব সম্পদ উন্নয়নে আমাদের মতামত চাওয়ার প্রেক্ষিতে ২৯ টি দপ্তর/সংস্থা/ কোম্পানির মধ্যে ৯ টি সংস্থা/ কোম্পানি মতামত প্রদান করেছে। তাদের মতামত স্বয়ংসম্পূর্ণ নয়। তাদের মতামতে শুধু ঘাটতি চিহ্নিত করা হয়েছে। উত্তরণের উপায় সম্পর্কে সুপারিশ করা হয় নি। কোন ঘাটতি থাকলে তা চিহ্নিত করে উত্তরণের সুপারিশ সহ উপায় জানাতে হবে।

সভায় উপস্থিত বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর মহাপরিচালক জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন উল্লেখিত বিষয়ে একমত পোষন করে দক্ষ জনবল তৈরির জন্য দেশে/বিদেশে প্রশিক্ষণ প্রদানের উপর উপর গুরুত্ব আরোপ করেন।

সিদ্ধান্ত

১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/সংস্থা/কোম্পানির মানব সম্পদ উন্নয়নের ঘাটতিসমূহ চিহ্নিত করে উত্তরণের

উপায়সহ সুপারিশ প্রেরণের জন্য পুনরায় চিঠি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল দপ্তর/সংস্থা/ কোম্পানির প্রতিনিধিদেরকে নিয়ে ওয়ার্কশপ /সেমিনার আয়োজনের সিদ্ধান্ত হয়।



এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩৮.০০৪.১৯.৩৫

তারিখ: ২১ মাঘ ১৪২৬

০৪ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ২) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক,(যুগ্ম সচিব) হাইড্রোকার্বন
ইউনিট ও আহবায়ক মানব সম্পদ উন্নয়নে
কর্মপন্থা নির্ধারণ কমিটি